



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম।
www.dgffood.gov.bd

ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক - ১৩.০১.১৫৩৯.০০১.৪২.০০১.২৩-

তারিখ : ০১/০১/২০২৩ খ্রি:

খাদ্যবাহুব কর্মসূচীর আওতার তালিকাভুক্ত ভোক্তাভুক্ত কোম্পানীর মাঝে চাল বিতরণের জন্য কর্ণফুলী উপজেলার চরপাথরঘাটা ইউনিয়নে ১(এক) জন ডিলার নিয়োগ করা হবে। নিম্নোক্ত শর্ত সাপেক্ষে স্থানীয় চাল/মুদিরদোকান ব্যবসায়ীগণ উক্ত ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন।

শর্তবলী/আবেদনকারীর যোগ্যতা:-

- ১। আবেদনকারীর ইউনিয়নের বড় হাটে বা বাজারে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে।
- ২। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৩। আবেদনকারীর দোকান/ সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫(পনের) মে: টন খাদ্যশস্য সুব্যবস্থা থাকতে হবে।
- ৪। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৫। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না।
- ৬। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।
- ৭। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৮। নির্বাচিত ডিলার ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার (ক্ষেরতযোগ্য) জামানত হিসেবে প্রদান করতে হবে এবং ও নির্ধারিত শর্তবলী সংবলিত ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অসিকারনামা দিতে হবে।

উপরোক্ত যোগ্যতা সম্পন্ন অগ্রাহী ব্যবসায়ীগণকে ২(দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদ এর সত্যায়িত ফটোকপি ও দোকান ভাড়া নামার চুক্তি পত্রের ফটোকপিসহ আগামী ১৫/০২/২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০১/০১/২০২৩
(তপন কুমার বড়ুয়া)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)

কর্ণফুলী, চট্টগ্রাম।
মোবাইল নং- ০১৮১৯-০১৯৪৪২

স্মারক - ১৩.০১.১৫৩৯.০০১.৪২.০০১.২৩-

তারিখ : ০১/০২/২০২৩ খ্রি.

অনুলিপি :- সদয় অবগতি/ অবগতি/ বহুল প্রচারের জন্য।

- ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, ১নং(খ) চরপাথরঘাটা ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৫। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ কার্যালয়, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৬। অফিস কপি।

০১/০২/২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কর্ণফুলী, চট্টগ্রাম।

মোবাইল নং- ০১৮১৯-০১৯৪৪২